# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-১১১ : জামা‘আতে সালাফিয়্যাহ কী অন্যান্য দলের মত একটি দল? এর দিকে নিজেকে সম্বন্ধ করা কি নিন্দনীয়?

উত্তর : জামা‘আতে সালাফিয়্যাহই ফিরকায়ে নাজিয়াহ এবং আহলুস সুন্নাহ ওয়াল জামাত। জামা‘আতে সালাফিয়্যাহ অন্যান্য দলের মতো কোন দল নয়। বরং সালাফী জামাত হলো সুন্নাহ এবং দীনের উপর প্রতিষ্ঠিত জামাত।

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

لا تزال طائفة من أمتي على الحق ظاهرين لا يضرهم من خذلهم ولا من خالفهم

আমার উম্মাহর একটি দল হকের উপর অটল থাকবে তাদের থেকে যারা বিচ্ছিন্ন হবে অথবা তাদের বিরুদ্ধচরণ করবে তারা তাদের কোনই ক্ষতি করতে পারবে না।[1]

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন,

( وستفترق هذه الأمة على ثلاث وسبعين فرقة كلها في النار إلا واحدة ) قالوا : من هي يا رسول الله، قال : ( من كان على مثل ما أنا عليه اليوم وأصحابي )

অচিরেই এই উম্মাহ ৭৩টি ফিরক্বহতে বিভক্ত হবে। একটি ফিরকা ব্যতীত বাকি সবগুলো জাহান্নামে যাবে। তারা (ছাহাবায়ে কিরামগণ জিজ্ঞাসা করলেন, ইয়া রসূলাল্লাহ, সেটি কোন ফিরকা? তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যুত্তরে বললেন, বর্তমানে আমি এবং আমার ছাহাবায়ে কিরাম যে মতের উপর প্রতিষ্ঠিত আছি এর উপর যারা প্রতিষ্ঠিত থাকবে।[2]

সুতরাং সালাফিয়্যাহ জামাত হলো সালাফে সালেহীন; রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও ছাহাবায়ে কিরামের মানহাজের উপর প্রতিষ্ঠিত জামাত। এটা বর্তমানের অন্যান্য দলের মতো কোন দল নয়।[3]

বরং এটা হলো সেই প্রাচীন জামাত যা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও ছাহাবায়ে কিরামের যুগ থেকে হকের উপর অটল-অবিচল আছে এবং রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেভাবে বলেছেন ঠিক সেভাবে কিয়ামত পর্যন্ত হকের উপর অটল-অবিচল থাকবে।

---

[1]. বুখারী হা. ৩৬৪০,৭৩১১, ৭৪৫৯, মুসলিম হা. ১০৩৭, তিরমিযী ২১৯২

[2]. তিরমিযী হা. ২৬৪১

[3]. সালাফী দাওয়াত সর্বাবস্থায় সকল ফিরকার বিরোধিতা করে। আর এই বিরোধিতার কারণ সুস্পষ্ট। সালাফী দাওয়াত নিষ্পাপ ব্যক্তি মুহাম্মাদুর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি সম্বন্ধ করে থাকে। সুতরাং যে ব্যক্তিই এ দাওয়াত থেকে বের হয়ে যাবে তাকে আমরা সালাফী বলতে পারি না।

সালাফী ছাড়া অন্য দলগুলো কিছু ব্যক্তির প্রতি সম্বন্ধ করে থাকে যারা নিষ্পাপ নয়। যে ব্যক্তি সালাফী দাবি করবে তার জন্য কিতাবুল্লাহ এবং সুন্নাতে রসূলুল্লাহ মেনে চলা ওয়াজিব। নতুবা তার সালাফী নাম ধারণ করার দ্বারা কোনই উপকার হবে না (নাছিরুদ্দীন আলবানী, ফাতাওয়া আল ‘উলামা আল আকাবির পৃ. ৯৭-৯৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13185

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন